

ফলাফল বৈষম্য

ঢাবি শিক্ষার্থীদের মার্কশিট পুড়িয়ে প্রতিবাদ

বিষয়বস্তু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে মাস্টার্সের ফলাফল পুনর্মূল্যায়নের দাবিতে মার্কশিট পুড়িয়ে আন্দোলন করেছে মাস্টার্স ফাইনাল ইয়ারের শিক্ষার্থীরা। দুই সেকশনের ফলাফলে বিস্তর ব্যবধান থাকায় তারা এ আন্দোলন করে। এ সময় বিভাগীয় চেয়ারম্যানকে তার কার্যালয়ে অবরুদ্ধ করে তারা। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ৪র্থ তলায় বিভাগীয় চেয়ারম্যানের অফিসের সামনে ভুক্তভোগী শিক্ষার্থীরা অঁতিনব এ প্রতিবাদ করে। এ সময় তারা বিভাগের স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে নানা স্লোগান দিতে থাকে। বিভাগটিতে প্রতিটি সর্বে দুটি সেকশন রয়েছে। এর মধ্যে 'ক' শাখার শিক্ষার্থী রয়েছে ৯৪ জন। আর 'খ' শাখার শিক্ষার্থী রয়েছে ১৩৭ জন। ১২ মার্চ ২০১২-১৩ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম সেমিস্টারের 'ক' ও 'খ' শাখার ফলাফল প্রকাশিত হয়। এতে 'ক' শাখার ৯৪ জন শিক্ষার্থীর মধ্যে ৮৪ জনের ফলাফলই ডিগ্রিশিও-৩.৫০ এর ওপরে। অন্যদিকে 'খ' শাখায় ১৩৭ শিক্ষার্থীর মধ্যে ৩.৫০ প্রদান করা হয় মাত্র ২২ শিক্ষার্থীকে। বৈষম্যের চিত্র তুলে ধরতে গিয়ে শিক্ষার্থীরা জানান, 'ক' শাখায় ৩.৯৪ পেয়েছে ৫ শিক্ষার্থী। যে সংখ্যা 'খ' শাখায় শূন্য। 'ক' শাখায় ৩.৮৮ পেয়েছে দুই শিক্ষার্থী অপর 'খ'

শাখার একজনও এ মার্ক পায়নি। অন্যদিকে 'ক' শাখার ১৪ শিক্ষার্থী ৩.৮১ পেয়েছে 'খ' শাখার একজনও এ মার্ক পায়নি। যেখানে 'ক' শাখার বাকি ২২ শিক্ষার্থী ৩.৭৫ পেয়েছে, সেখানে 'খ' শাখায় মাত্র ৩ শিক্ষার্থী এ মার্ক পেয়েছে। যেখানে 'ক' শাখায় ১৫ শিক্ষার্থী ৩.৬৯ পেয়েছে, সেখানে 'খ' শাখায় মাত্র ২ শিক্ষার্থী এ মার্ক পেয়েছে। আর বাকিরা সবাই গড়ে ৩.২৫ পেয়েছে বলে জানিয়েছে আন্দোলনকারী শিক্ষার্থীরা। যেখানে 'ক' শাখার শিক্ষার্থীরা গড়ে ৩.৫০ এর ওপরে পেয়েছে।